# বাগাতিপাড়া উপজেলা পরিষদের মার্চ/২০২২ মাসে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মোঃ অহিদুল ইসলাম গকুল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর।
স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, বাগতিপাড়া, নাটোর।
তারিখ ঃ ১০.০৩.২০২২ খ্রিঃ সময়- সকাল ১১.৩০ টা।

উপস্থিত সদস্য-পরিশিষ্ট 'ক' অনুপস্থিত সদস্য-পরিশিষ্ট 'খ'
সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা পরিষদের সাধারণ সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। সভাপতির আহবানের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার ফেব্রুয়ারি/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান । কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের কার্যক্রমের উপর আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

## ০১. উপজেলা প্রকৌশল দপ্তর ঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের মার্চ/২২ মাসের কার্যক্রম সংক্রান্ত আলোচনা। | ক. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি) এর আওতায় মোট ৬৬টি প্রকল্প গ্রহণ করা হয়েছে (কপি সংযুক্ত) এর মধ্যে ১৬টি প্রকল্প পিআইসি কমিটির মাধ্যমে, ৪৯টি প্রকল্প টেন্ডারের মাধ্যমে এবং ১টি প্রকল্প RFQ পদ্ধতিতে বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব রাখেন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | ক. বিস্তারিত আলোচনান্তে ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি) এর আওতায় মোট ৬৬টি প্রকল্প অনুমোদিত হলো। উল্লিখিত প্রকল্পের মধ্যে ১৬টি প্রকল্প পিআইসি কমিটির মাধ্যমে, ৪৯টি প্রকল্প টেন্ডারের মাধ্যমে এবং ১টি প্রকল্প RFQ পদ্ধতিতে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহিত হলো । এছাড়া গৃহিত সকল প্রকল্পের প্রাক্কলন প্রস্তুতপূর্বক নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের নিমিত্ত উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | ক. উপজেলা প্রকৌশলী, বাগাতিপাড়া, নাটোর। |
| | | খ. তিনি আরো জনান যে, বাগাতিপাড়া উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবনটির নিরাপত্তার জন্য সীমানা প্রাচীর নির্মাণ করা বিশেষ জরুরী। তৎপ্রেক্ষিতে সীমানা প্রাচীর নির্মাণের জন্য প্রাক্কলন প্রস্তুতপূর্বক স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখায় বরাদ্দ প্রদানের জন্য পত্র প্রেরণ করা হয়েছিল। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা -২ শাখার ১৬ মার্চ-২০২২ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.৯৯.০০২-১৪৯ নং স্মারক পত্র মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবনের সীমানা প্রাচীর নির্মাণের জন্য স্থানীয় সরকার বিভাগ হতে বরাদ্দ প্রদানের কোন সুযোগ নাই। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩(গ) মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সীমানা প্রাচীর নির্মাণের নির্দেশনা রয়েছে। সে মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবনের সীমানা প্রাচীর নির্মাণ করার জন্য ৯,৬০,০০০/-(নয় লক্ষ ষাট হাজার) টাকার প্রাক্কলন প্রস্তুত এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে তা বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মান্ত্রণালয়ে প্রেরণের জন্য সভায় প্রস্তাব রাখেন। | খ. বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবনের সীমানা প্রাচীর নির্মাণের জন্য প্রস্তুতকৃত ৯,৬০,০০০/-(নয় লক্ষ ষাট হাজার) টাকার প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে তা বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদনের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মান্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হলো। | খ. উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া নাটোর। |
| | খ. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার/জাইকা সংক্রান্ত আলোচনা | খ. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউ.ডি.এফ) বাগাতিপাড়া সভায় জানান যে, তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | খ বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউ.ডি.এফ) বাগাতিপাড়া অনুরোধ করা হলো। | খ. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউ.ডি.এফ) বাগাতিপাড়া,নাটোর |

## ০২.উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর ঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০২ | স্বাস্থ্য বিষয়ক মার্চ/২২ মাসের কার্যক্রম সংক্রান্ত আলোচনা | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, করোনা ভাইবাসের টিকা প্রদান সুষ্ঠভাবে চলছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর জরুরী বিভাগ, আন্তঃবিভাগ ও বহিঃবিভাগের কাজের মান ভালো। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে সুষ্ঠভাবে করোনা ভাইরাসের টিকা প্রদানসহ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আগত সকল সেবা গ্রহীতাদেরকে সার্বক্ষণিক চিকিৎসা প্রদানের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, বাগাতিপাড়া নাটোর । |

## উপজেলা কৃষি দপ্তর ঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৩ | উপজেলা কৃষি অফিস কর্তৃক মার্চ/২২ মাসে কার্যক্রম সংক্রান্ত আলোচনা | ক. আলোচনা কালে উপজেলা কৃষি অফিসার জানান যে, অত্র উপজেলায় রবি মৌসুমে গম আবাদ হয়েছে ৪,৯৭৫ হেঃ মসুর ১,৩৪০ হেঃ, সরিষা ৩৫৫ হেঃ, রসুন ১,০৫০ হেঃ, পেঁয়াজ (কন্দ) ৯৪ হেঃ, পেঁয়াজ (চারা) ২৮০ হেঃ, ও বোরো ধানের আবাদ ৬৫০ হেঃ হয়েছে। বোরো ও পেঁয়াজ (চার) আবাদ চলমান আছে। আধুনিক প্রযুক্তি সম্প্রসারণের মাধ্যমে রাজশাহী বিভাগের কৃষি উন্নয়ন প্রকল্পের আওতায় ২২টি গার্ডেন টিলার ও ৩৫টি মিনি কর্ণ সেলার ৭০% ভর্তুকি মূল্যে বিতরণ করা হয়েছে। প্রকল্প হতে আরো গার্ডেন টিলার, রাইস ইউডার, পটেটো ডিগার, স্প্রেয়ার ইত্যাদি বিতরণ করা হবে। উপজেলায় রাসায়নিক সার এর মজুদ নিম্নরুপঃ ইউরিয়া সার ১১৯ মেঃ টন, টিএসপি সার ৬৭ মেঃ টন, ডিএপি সার ১৯৫ মেঃ টন, এম ও পি সার ৩৩ মেঃ টন। সারের বিতরণ ও মজুদ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে তিনি জানান। | ক. বিস্তারিত আলোচনান্তে সার্বক্ষনিক সার মনিটরিং সহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হলো। | ক. উপজেলা কৃষি অফিসার, বাগাতিপাড়া নাটোর । |

অপর পাতা/২

**০৪. উপজেলা প্রাণি সম্পদ দপ্তর ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা প্রাণি সম্পদ অধিদপ্তর কর্তৃক মার্চ/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে, গত বছরের ন্যায় এবারও প্রাণী সম্পদ দপ্তর কর্তৃক গত ১৬/০২/২০২২ খ্রিঃ তারিখে প্রদর্শনী মেলা অনুষ্ঠিত হয়েছিল। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে সকল কার্যক্রম যথাযথভাবে পরিচালনার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বাগাতিপাড়া নাটোর । |

**০৫. উপজেলা মৎস্য দপ্তর ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৫ | উপজেলা মৎস্য অধিদপ্তর কর্তৃক মার্চ/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | আলোচনা কালে উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, জামনগর ইউনিয়নে বিশেষ সেবা কার্যক্রম হিসাবে মৎস্যচাষীদের পুকুরের পানি পরীক্ষাপূর্বক প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়েছে। জাটকা সংরক্ষণ অভিযান- ২০২১-২০২২ ( ০১ নভেম্বর-২০২১ খ্রিঃ থেকে জুন ২০২২ খ্রিঃ) কার্যক্রম যথাযথ ভাবে চলছে। বাগাতিপাড়া উপজেলায় বাজারগুলোতে তদারকি করে কোন জাটকা পাওয়া যায়নি। অফিসে আগত মৎস্য চাষীদের পুকুরে পানি পরীক্ষাপূর্বক পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়াও চাষীদের পুকুর পরিদর্শন, পরামর্শ প্রদান ও ঋণ আদায়ের তাগাদা ও আদায় কার্যক্রমের পাশাপাশি দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, বাগাতিপাড়া নাটোর |

**০৬. উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৬ | উপজেলা পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক মার্চ/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের জনবল কম থাকায় অফিস পরিচালনা সমস্যার সম্মুখীন হচ্ছে। টিকা কার্ড দেওয়ার সময় বাবা ও মায়ের জন্য নিবন্ধন নম্বর টিকা কার্ডে উল্লেখ করা হচ্ছে এবং তা বাধ্যতামূলক করা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, বাগাতিপাড়া নাটোর । |

**০৭. উপজেলা সমাজসেবা দপ্তর ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক মার্চ/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে যে প্রতিবন্ধী ভাতা বরাদ্দ ছিল তার তালিকা এখনও চূড়ান্ত হয়নি। দ্রুত তালিকা প্রেরণের জন্য তিনি সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। ২০২১-২০২২ অর্থ বছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা জিটুপি পদ্ধতিতে ২য় কিস্তির (অক্টোবর-ডিসেম্বর) পে-রোল প্রেরণ করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তির অর্থ জিটুপি পদ্ধতিতে ১ম কিস্তির (জুলাই-সেপ্টেম্বর) পে-রোল প্রেরণ করা হয়েছে। উপজেলা সমাজসেবা অফিসার আলোচনাকালে জানান যে, ঋণ আদায়ের কার্যক্রম চলমান আছে। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সমাজ সেবা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা অফিসার, বাগাতিপাড়া নাটোর । |

**০৮. উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৮ | উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরের মার্চ/২২ মাসের কার্যক্রম সংক্রান্ত আলোচনা | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সভায় জানান যে, করোনাকালীন সময়ে তাঁর বিভাগের ঋণ কার্যক্রম স্বাভাবিক গতি হারিয়েছে। চারটি প্রকল্প চলমান আছে। ২০২১-২২ অর্থ বছরে ফেব্রুয়ারি/২০২২ খ্রিঃ মাস পর্যন্ত প্রকল্প সমূহ হতে ১.৩২ লক্ষ টাকা সঞ্চয় আদায় হয়েছে। ঋণ বিতরণ হয়েছে ২৫.৩৭ লক্ষ টাকা এবং মাঠ থেকে ঋণ আদায় হয়েছে ৩৪.০৬ লক্ষ টাকা। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে ঋণ আদায় কার্যক্রম জোরদারসহ দাপ্তরিক কার্যক্রম যথাযথ ভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হলো। | পল্লী উন্নয়ন অফিসার বাগাতিপড়া, নাটোর |

**০৯. উপজেলা প্রাথমিক শিক্ষা দপ্তরঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মার্চ/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের যাবতীয় কায়ক্রম স্বাভবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার বাগাতিপাড়া নাটোর। |

**১০. উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের মার্চ/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত সংক্রান্ত আলোচনা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ২০২৩ সালের বিনামূল্যের পাঠ্যপুস্তকের চাহিদা প্রেরণ করা হয়েছে। যথা মাধ্যমিক স্কুল- ১,৫৯,৫৮৪, মাদ্রাসা-১৮,৩১৭ এবং কারিগরি-১৬,৭৫৪ সহ সর্বমোট ১,৯৪,৬৫৫ টি। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বাগাতিপাড়া নাটোর |

**১১. উপজেলা যুব উন্নয়ন দপ্তরঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক মার্চ/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, বার্ষিক লক্ষমাত্রা -৪২০ জন, চলতি মাসে অর্জন- ৬০ জন, চলতি অর্থ বছরে অর্জন- ৩০০ জন, শুরু হতে ক্রমপুঞ্জিত অগ্রগতি, ৬২৫৯ জন। আত্নকর্মসংস্থানঃ বার্ষিক লক্ষ্যমাত্রা -৬৬ জন, চলতি মাসে অর্জন- ০৫ জন, চলতি অর্থ বছরে অর্জন- ৩৮ জন, শতকার হার-৫৭.৫৭%, ক্রমপুঞ্জিত অগ্রগতি, ৪৯০৬ জন।, মোট ঋণ তহবিল ৭৫,১৫,৮৬৩/৪২, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৩,৫১,৭২,০০০/-টাকা, ক্রমপুঞ্জিত আদায়যোগ্য- ৩,০০,৩০,৮৬৩/-টাকা, মোট উপকারভোগী- ৮৩৩ জন। উত্তরবঙ্গ প্রকল্পঃ মোট ঋণ তহবিল ১,২৯,৯৮,৬৪৮/-টাকা, ক্রমপুঞ্জিত বিতরণ ১,৩৬,০০,০০০/-টাকা, ক্রমপুঞ্জিত কিস্তি খেলাপী ৯৫,৬৩৫/-টাকা, মোট উপকারভোগীর সংখ্যা-৩৫৮ জন। চলতি মাসে মোট আদায় আত্নকর্মসংস্থান কর্মসূচিঃ চলমান আদায় ২,০৮,১৯৫/-টাকা, কিস্তি খেলাপী আদায়-৮৫,৮২৪/-টাকা, মোট আসল আদায় ৩,০৩,৩১৯/-টাকা, মোট সার্ভিস চার্জ আদায়-২১,৯২৯/-টাকা, সর্বমোট আদায়- ৩,২৫,২৪৮/-টাকা। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে ঋণ আদায় কার্যক্রম জোরদারসহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন অফিসার বাগাতিপাড়া নাটোর। |

**১২. উপজেলা খাদ্য দপ্তরঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১২ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক মার্চ/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | আলোচনা কালে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, খাদ্য দ্রব্যের সরবরাহ ও মজুদ পরিস্থিতির বিবরণঃ বিবেচ্য পক্ষ চাল ৮৪৮.১১৬ মেঃ টন, গত পক্ষ ৬৪২.৫২৯ মেঃ টন, গম বিবেচ্য পক্ষ ১০৬.০২৭ মেঃ টন, গত পক্ষ ১২৬.০২৭ মেঃ টন, খালি বস্তা বিবেচ্য পক্ষ ১৯,৫২৭ টি, গত পক্ষ ১৯,৫২৭ টি, খাদ্য দ্রব্যসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্যের বিবরণঃ চাল মোটা ৪০-৪২/-টাকা, চাল চিকন ৬০/-টাকা, আটা খোলা ৩৫-৩৭/-টাকা, আটা প্যাকেট ৩৬-৪০/-টাকা, সয়াবিন খোলা ১৪০/-টাকা, সয়াবিন বোতল ১৬০/-টাকা, চিনি ৮০/-টাকা, ডাল-১০০/-টাকা। এছাড়া অন্যন্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাগাতিপাড়া নাটোর। |

**১৩. উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা দপ্তরঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৩ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক মার্চ/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার সভায় জানান যে, তাঁর দপ্তরের যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বাগাতিপাড়া, নাটোর |

**১৪. উপজেলা মহিলা বিষয়ক দপ্তরঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৪ | উপজেলা মহিলা বিষয় দপ্তর কর্তৃক মার্চ/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | আলোচনাকালে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের যাবতীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে জন্য উপজেলা মহিলা বিষয় কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বাগাতিপাড়া, নাটোর। |

**১৫. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৫ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক মার্চ/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় জানান যে, ভূমিহীন পরিবারকে ১ম পর্যায়ে টিউবওয়েল স্থাপনের কাজ শেষ হয়েছে। ২য় পর্যায়ের কাজ শীঘ্রই শুরু হবে। এছাড়া দাপ্তরিক যাবতীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) অধিদপ্তর, বাগাতিপাড়া, নাটোর |

**১৬. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৬ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক মার্চ/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কর্মকর্তা সভায় জানান যে, অত্র বাগাতিপাড়া উপজেলা ৫৬টি প্রাথমিক বিদ্যালয়, ১৫টি কমিউনিটি ক্লিনিক এবং মাধ্যমিক বিদ্যালয়গুলোতে ইন্টারনেট সংযোগ দেওয়া হবে। তবে ইন্টানেট বিল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বহন করতে হবে আর যাবতীয় খরচ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর বহন করবে। জন্ম নিবন্ধনে গত মাসে জামনগর ইউনিয়ন সবচেয়ে কম ৫২% আর বাকী ইউনিয়নগুলো ১০০% হয়েছে। এবিষয়ে জামনগর ইউনিয়ন চেয়ারম্যানকে সচেতন হওয়ার জন্য অনুরোধ জানান। জন্ম নিবন্ধন বাধ্যতামূলক, জন্ম নিবন্ধন না করতে চাইলে উপজেলা নির্বাহী অফিসারকে জানানোর জন্য অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর বাগাতিপাড়া, নাটোর |

**১৭. উপজেলা আনসার ও ভিডিপি অফিস ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৭ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার কর্তৃক মার্চ/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা আনসার ও ভিডিপির কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা বাগাতিপাড়া, নাটোর। |

**১৮. উপজেলা সমবায় দপ্তরঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৮ | উপজেলা সমবায় অধিদপ্তর কর্তৃক মার্চ/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত। | উপজেলা সমবায় অফিসার জানান যে, বিভাগীয় সাধারণ ১২১ কেন্দ্রীয় সমিতি ০২টি, বিআরডিবি প্রাথমিকঃ ২৮৬টি, আবর্তক ঋণ বিতরণঃ ৭৫ জন সদস্যের মধ্যে ১,০০,০০০/-টাকা করে মোট ৭৫,০০,০০০/-টাকা আবর্তক ঋণ বিতরণ করা হয়েছে। সিভিডিপি প্রকল্পঃ ৬০ টি সমিতি গঠন করা হয়েছে। ৬০ জন গ্রাম কর্মী নিয়োগ করা হয়েছে। ২৫ জন মহিলাকে ভ্রাম্যমান প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে মর্মে জানান। | বিস্তারিত আলোচনান্তে সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় অফিসার, বাগাতিপাড়া নাটোর। |

**১৯. উপজেলা দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৯ | উপজেলা দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্তৃক মার্চ/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, বাগাতিপাড়া সভায় জানান যে, তাঁর দপ্তরের ফেব্রুয়ারি/২০২২ মাসের কার্যক্রম যেমন- ক্ষুদ্র ঋণঃ মোট সমিতি ৭২টি, মোট সদস্য ১,৭১৪ জন, ঋণী সদস্য ৯৮৯ জন, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১৩৩৮.৯৫ লক্ষ টাকা, আদায়ের হার ৯৭%। ক্ষুদ্র উদ্যোক্তা ঋণঃ মোট সদস্য ৮১ জন, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৬০৩.৪০ লক্ষ টাকা, আদায়ের হার ৮৭%। প্রশিক্ষণঃ নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ ৭৭৫ জন, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গরু মোটাতাজাকরণ ২৫০ জন। গাভী পালন ২৭৫ জন শাক সবজি ২০ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা বাগাতিপাড়া,নাটোর। |

**২০. উপজেলা বন সম্প্রসারণ দপ্তর ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২০ | উপজেলা বন সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক মার্চ/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত। | আলোচনা কালে উপজেলা বন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় বিভাগীয় কর্মপত্র সহ উপস্থিত থাকার জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা বন সম্প্রসারণ কর্মকর্তা বাগাতিপাড়া নাটোর। |

**২১. উপজেলা তথ্যসেবা দপ্তর ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২১ | উপজেলা তথ্যসেবা দপ্তরের মার্চ/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান যে, উঠান বৈঠকে গত মাসে ৫০ জন করে মহলিা নেওয়া হয়েছিল। কিন্তু এমাসে ৪টি উঠান বৈঠকে ২৫ জন করে নেওয়ার জন্য পত্র পাওয়া গেছে। এছাড়া দাপ্তরির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, বাগতিপাড়া, নাটোর |

**২২. উপজেলা প্রকল্প(পজীপ) দপ্তর ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২২ | উপজেলা প্রকল্প (পজীপ) অধিদপ্তর কর্তৃক মার্চ/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | উপজেলা প্রকল্প (পজীপ) কর্মকর্তা সভায় জানান যে, সমিতি গঠনের লক্ষ্যমাত্রা ১১৫ টি, অর্জিত হয়েছে ১১৫টি, হার ১০০%। মোট সদস্য ৪,২২৪ জন, সঞ্চয় আদায় ১২.১৯ লক্ষ, ঋণ বিতরণ ২৫০১.৬৩ লক্ষ টাকা। ঋণ আদায় ২৭৮৪.৪২ লক্ষ টাকা। ঋণ খেলাপী ৩৬.৪৬ লক্ষ টাকা। প্রশিক্ষণ (ক) সমবায় ব্যবস্থাপনা ১৬৩৪ জন এবং (খ) দক্ষতা উন্নয়ন ১১৫ জন। সর্বমোট আরএলএফ প্রাপ্তি ১০৫.০০, কৃঋণ সমন্বয়ের পরিমাণ ৭২.০১, কৃঋণ তহবিল হতে আদায় ২৮.০০, কৃঋণ তহবিলের স্থিতি ৬.৬৪, স্থায়ী আমানতের পরিমাণ ৩৪.৮৫, শেয়ার আমানতের স্থিতি ৫.৫০, সঞ্চয় আমানতের স্থিতি ১২.০৯। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা প্রকল্প (পজীপ) কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর। |

**২৩. আমার বাড়ী আমার খামার ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২৩ | আমার বাড়ী আমার খামার দপ্তরের মার্চ/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | আমার বাড়ী আমার খামার উপজেলা সমন্বকারী, পল্লী সঞ্চয় ব্যাংক, বাগাতিপাড়া সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় বিভাগীয় কর্মপত্র সহ উপস্থিত থাকার জন্য উপজেলা সমন্বকারী, পল্লী সঞ্চয় ব্যাংক, বাগাতিপাড়াকে অনুরোধ করা হলো। | উপজেলা সমন্বয়কারী বাগাতিপাড়া, নাটোর। |

২৪. বাগাতিপাড়া সাবজোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি-১ঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২৪ | বাগাতিপাড়া সাবজোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর মার্চ/২২ মাসের কার্যক্রম সংক্রান্ত আলোচনা | এজিএম, বাগাতিপাড়া সাবজোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি-১ সভায় জানান যে, অত্র বাগাতিপাড়ায় কিছু সেচ প্রকল্প আছে যে, গুলো সরকারী নীতিমালা মানেনা। সেচ প্রকল্পের নীতিমালা ২০১৯ সালে তৈরী হয়েছে। ২০১৯ সালের আগের সেচ প্রকল্পগুলোতে লাইসেন্স নবায়ন নাই। তাই সমস্যার হচ্ছে। এছাড়া তিনি আরো জানান যে, বাগাতিপাড়া পৌরসভার অনুমানিক প্রায় ২,১৯,০০০/- টাকা বকেয়া বিদ্যুৎ বিল রয়েছে। উক্ত বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সভায় প্রস্তাব রাখেন। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে বাগাতিপাড়া পৌরসভার বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য মেয়র, বাগাতিপাড়া পৌরসভাকে অনুরোধ করা হলো। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য এজিএম, বাগাতিপাড়া সাবজোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি-১ কে অনুরোধ করা হলো। | এজিএম, বাগাতিপাড়া সাবজোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি-১ |

২৫. বাগাতিপাড়া পৌরসভা ঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২৫ | বাগাতিপাড়া পৌর সভার ফেব্রুয়ারি/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত | মেয়র, বাগাতিপাড়া পৌরসভা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিক আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য মেয়র, বাগাতিপাড়া পৌরসভাকে অনুরোধ করা হলো। | মেয়র, বাগাতিপাড়া পৌরসভা বাগাতিপাড়া, নাটোর। |

২৬. ইউনিয়ন পরিষদ ঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২৬ | ক. পাঁকা ইউনিয়ন পরিষদ মার্চ/২২ মাসের গৃহীত কার্যক্রম সংক্রান্ত | ক. চেয়ারম্যান, ১নং পাঁকা সভায় জানান যে, তাঁর ইউপির সলইপাড়া গ্রামে রাস্তার পার্শ্বে ০১টি শিমুল গাছ মরে গেছে। উক্ত মরা গাছটি যে, কোন সময়ে ঝড়ে ভেঙ্গে পড়ে দূর্ঘটনা ঘটতে পারে তাই উক্ত গাছটির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব রাখেন। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | ক. বিস্তারিক আলোচনান্তে উক্ত মরা গাছটি নিলামে বিক্রয়ের জন্য সরকারি নীতিমালা অনুসরন পূর্বক মূল্য নির্ধারনের নিমিত্ত সহকারী বন সংরক্ষক, নাটোর বরাবর পত্র প্রেরনের সিদ্ধান্ত গৃহিত হলো। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ১নং পাঁকা ইউ,পি চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। | ক. চেয়ারম্যান, ১নং পাঁকা, ইউ,পি |
| | খ. জামনগর ইউনিয়ন পরিষদ মার্চ/২২ মাসের গৃহীত কার্যক্রম সংক্রান্ত | খ. চেয়ারম্যান ২নং জামনগর সভায় তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | খ. দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ২নং জামনগর ইউ,পি চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। | খ. চেয়ারম্যান, ২নং জামনগর, ইউ,পি |
| | গ. বাগাতিপাড়া ইউনিয়ন পরিষদ মার্চ/২২ মাসের গৃহীত কার্যক্রম সংক্রান্ত | গ. চেয়ারম্যান ৩নং বাগাতিপাড়া সভায় তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | গ. দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ৩নং বাগাতিপাড়া ইউ,পি চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। | গ. চেয়ারম্যান, ৩নং বাগাতিপাড়া ইউ,পি |
| | ঘ. দয়ারামপুর ইউনিয়ন পরিষদ মার্চ/২২ মাসের গৃহীত কার্যক্রম সংক্রান্ত | ঘ. চেয়ারম্যান, ৪নং দয়ারামপুর ইউ,পি সভায় জানান যে, তাঁর দপ্তরের যাবতীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | ঘ. পরবর্তী সভায় বিভাগীয় কর্মপত্র সহ উপস্থিত থাকার জন্য ৪নং দয়ারামপুর ইউ,পিকে চেয়ারম্যানকে, অনুরোধ হলো। | ঘ. চেয়ারম্যান, ৪নং দয়ারামপুর, ইউ,পি |
| | ঙ. ফাগুয়াড়দিয়াড় ইউনিয়ন পরিষদ মার্চ/২২ মাসের গৃহীত কার্যক্রম সংক্রান্ত | ঙ. চেয়ারম্যান, ৫নং ফাগুয়াড়দিয়াড় সভায় জানান যে, তাঁর ইউনিয়নে জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করা হয়েছে। তিনি আরো জানান যে, তাঁর ইউনিয়ন পরিষদের পুরুষ উদ্যোক্তা অসুস্থ হওয়ায় ১ জন মহিলা উদ্যোক্তা দ্বারা কাজ পরিচালনা করা সম্ভব হচ্ছে না কারণ সে মহিলা উদ্যোক্তা কোন কাজ জানেনা তাই এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব রাখেন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | ঙ. দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য চেয়ারম্যান, ৫নং ফাগুয়াড়দিয়াড়কে অনুরোধ করা হলো। এছাড়া উক্ত পুরুষ উদ্যোক্তা কাজ করবে কি না সে বিষয়ে লিখিত ভা ব জানানোর জন্য বলা হলো। | ঙ. চেয়ারম্যান, ৫নং ফাগুয়াড়দিয়াড় ইউ,পি |

২৭. কমিটির সুপারিশ সমূহ ঃ

| ক্রঃ নঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২৭ | কমিটির সুপারিশ : | উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে ৮টি এবং উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে ৯টি স্থায়ী কমিটির সভা গত ০৮/০৩/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভা অনুষ্ঠানের ০৭ কার্যদিবসের মধ্যে রেজুলেশন প্রেরণ করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। | পরিষদ স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের ০৭ কার্যদিবসের মধ্যে রেজুলেশন প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহিত হলো। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান, বাগাতিপাড়া নাটোর। |

## ২৮. উপজেলা পরিষদের আয় ব্যয় নিয়ে আলোচনা ঃ

| ক্রঃ নঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২৮ | উপজেলা পরিষদের আয় ব্যয় সংক্রান্ত। | আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ও উন্নয়ন তহবিল নামে ০২টি ব্যাংক হিসাবের মাধ্যমে উপজেলা পরিষদের আর্থিক লেনদেন সম্পন্ন করা হয় । রাজস্ব তহবিল সোনালী ব্যাংক লিঃ, বাগাতিপাড়া শাখার চলতি হিসাব নং: ৪৯০২২০০০১০০৯১ তে ২৮.০২.২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট স্থিতি: ৯,৯৭,৮৫৫/৬৯ পয়সা এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল, জনতা ব্যাংক লিঃ,১ বাগাতিপাড়া শাখার চলতি হিসাব নং: ০০১০০৮১৭১ তে ৮২,৩২৮/- টাকা মাত্র। | আর্থিক বিধি বিধান অনুসরণ পূর্বক আর্থিক হিসাব পরিচালনা করার সিদ্ধান্ত গৃহিত হলো এবং প্রতি মাসের ১ম তারিখে পূর্ববর্তী মাসের ব্যাংক স্টেটমেন্ট সংগ্রহ করতে হবে। | সিএ, উঃ নিঃ অফিস, বাগাতিপাড়া নাটোর। |

## ২৯.বিবিধ ঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ২৯ | ক. উপজেলা পরিষদের বিজি-৩/বি নং বাসার পয়ঃনিষ্কাশন মেরামত/সংস্কার | ক. চেয়ারম্যান, উপজেলা পরিষদ আলোচনাকালে জানান যে, উপজেলা পরিষদের বিজি-৩/বি নং বাসার পয়ঃনিষ্কাশন ও মেরামত/সংস্কার কাজ জরুরীভাবে সম্পন্ন করে ২৫,০০০/-(ভাঃ নং-১) টাকার বিল ভাউচার দাখিল করা হয়েছে। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত সভায় প্রস্তাব রাখেন। | ক. বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত ২৫,০০০/- টাকার বিল অনুমোদিত হলো এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে উক্ত বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হলো। | ক. উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া নাটোর। |
| | খ. উপজেলা পরিষদের বিজি-২/ডি নং বাসার পয়ঃনিষ্কাশন মেরামত/সংস্কার | খ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ আলোচনাকালে জানান যে, উপজেলা পরিষদের বিজি-২/ডি নং বাসার পয়ঃনিষ্কাশন ও মেরামত/সংস্কার কাজ জরুরীভাবে সম্পন্ন করে ২৫,০০০/-(ভাঃ নং-১) টাকার বিল ভাউচার দাখিল করা হয়েছে। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত সভায় প্রস্তাব রাখেন। | খ. বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত ২৫,০০০/- টাকার বিল অনুমোদিত হলো এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে উক্ত বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হলো। | খ. উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া নাটোর। |
| | গ. অপ্রত্যাশিত খাতে ব্যয়। | গ. উপজেলা নির্বাহী অফিসার আলোচনাকালে জানান যে, বাগাতিপাড়া উপজেলার নিম্নবর্ণিত ব্যাক্তিগণ পূনবার্সন, ঘূর্ণিঝড়, কাল বৈশাখী ঝড়, প্রাকৃতিক দূর্যোগ ইত্যাদিতে ক্ষতিগ্রস্ত হয়ে তাৎক্ষণিক অবস্থা মোকাবেলায় সরকারের কোন সাহায্য না পাওয়ায় আর্থিক সাহায্য প্রাপ্তির জন্য আবেদন করেছেন।<br>১। মোঃ সাইফুল ইসলাম, পিতা-মৃত আবুল হাসেম, গ্রাম-হরিরামপুর<br>২। মোঃ নাহিদ, পিতা- মোঃ গফুর, গ্রাম-মাড়িয়া<br>৩। মোঃ নুরু ইসলাম হেলাল, পিতা-দেলখুশি, গ্রাম-মাড়িয়া<br>৪। মোঃ ফারুক হোসেন, পিতা-মোঃ এরশাদ, গ্রাম-ডুমরাই ঢাকাপাড়া<br>৫। মোঃ আজবাহার আলী, পিতা-মৃত শমসের আলী, গ্রাম-বাঁশবাড়ীয়া<br>তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০০৯ এর (ঘ) অনুচ্ছেদে অত্যাশিত খাতে যেমনঃ পূনবার্সন, ঘূর্ণিঝড়, কাল বৈশাখী ঝড়, প্রাকৃতিক দূর্যোগ, অগ্নিকান্ড ইত্যাদিতে ক্ষতিগ্রস্ত হয়ে তাৎক্ষনিক ভাবে ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সহযোগিতা করার নির্দেশনা আছে। সে মোতাবেক উল্লেখিত ব্যাক্তিদের কিছু আর্থিক সাহায্য প্রদানের জন্য সভায় প্রস্তাব রাখেন। | গ. বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর (৩) (ঘ) মোতাবেক ১ হতে ৩ নং আবেদনকারীকে ৫,০০০/-টাকা ৪ ও ৫নং আবেদনকারীকে ৩,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহিত হলো । | গ. উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া নাটোর। |
| | ঘ. উপজেলা পরিষদের কালেকট্ররেট স্কুলের পিছন হতে বিজি ১/সি নং বাসার পিছন পর্যন্ত ড্রেন মেরামত/সংস্কার। | ঘ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ আলোচনাকালে জানান যে, উপজেলা পরিষদের কালেকট্ররেট স্কুলের পিছন হতে বিজি ১/সি নং বাসার পিছন পর্যন্ত ড্রেন মেরামত/সংস্কার কাজ জরুরীভাবে সম্পন্ন করে ২৪,৯০০/-(ভাঃ নং-১) টাকার বিল ভাউচার দাখিল করা হয়েছে। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত সভায় প্রস্তাব রাখেন। | ঘ. বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত ২৪,৯০০/- টাকার বিল অনুমোদিত হলো এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে উক্ত বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হলো। | ঘ. উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া নাটোর। |
| | ঙ. উপজেলা পরিষদের বিজি-২/সি নং বাসার পানির লাইন মেরামত/সংস্কার | ঙ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ আলোচনাকালে জানান যে, উপজেলা পরিষদের বিজি-২/সি নং বাসার পানির লাইন মেরামত/সংস্কার কাজ জরুরীভাবে সম্পন্ন করে ১৬,৪০০/-(ভাঃ নং-১) টাকার বিল ভাউচার দাখিল করা হয়েছে। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত সভায় প্রস্তাব রাখেন। | ঙ. বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত ১৬,৪০০/- টাকার বিল অনুমোদিত হলো এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে উক্ত বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হলো। | ঙ. উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া নাটোর। |
| | চ. ২১ ফেব্রুয়ারি, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উদযাপন । | চ. আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ (৩) (খ) এর নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে জাতীয় দিবস উদযাপন করা যাবে। এ ক্ষেত্রে বছরে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করার নির্দেশনা রয়েছে। সে নির্দেশনার আলোকে ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২১ ও বিজয়ের সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে ৮০,০০০/- টাকা উত্তোলন করা হয়েছে বাকী ২০,০০০/-টাকা মাত্র ২১ ফেব্রুয়ারি, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উদযাপন উপলক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে উত্তোলনের নিমিত্ত সভায় প্রস্তাব রাখেন। | চ. বিস্তারিত আলোচনান্তে ২১ ফেব্রুয়ারি, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উদযাপন উপলক্ষে ২০,০০০/-টাকার বিল অনুমোদিত হলো এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ (৩) (খ) এর নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২০,০০০/-টাকা উত্তোলনের জন্য সিদ্ধান্ত গৃহিত হলো। | চ. উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া নাটোর। |

অপর পাতা/৭

| | | | | |
|---|---|---|---|---|
| | ছ. স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস -২০২২ উদযাপনের খরচ। | ছ. উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ০৮/০৩/২০২২ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১৮.১৯৩.২২.-১৪৬ নং স্মারক পত্র মোতাবেক স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস -২০২২ (২৬ মার্চ, ২০২২) যথাযথ মর্যাদায় উদযাপনের জন্য ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অতিরিক্ত ১,০০,০০০/-টাকা মাত্র ব্যয় করার প্রশাসনিক অনুমোদন দিয়েছেন। সে মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,০০,০০০/-টাকা মাত্র ব্যয়ের জন্য সভায় প্রস্তাব রাখেন। | ছ. বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত পত্রের নির্দেশনা মোতাবেক স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস -২০২২ (২৬ মার্চ, ২০২২) যথাযথ মর্যাদায় উদযাপনের জন্য ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অতিরিক্ত ১,০০,০০০/-টাকা উত্তোলনের জন্য সিদ্ধান্ত গৃহিত হলো। | ছ. উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া নাটোর। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ অহিদুল ইসলাম গকুল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাগাতিপাড়া, নাটোর।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগাতিপাড়া,নাটোর।
www.bagatipara.natore.gov.bd

স্মারক নং- ৪৬.৪৩.৬৯০৯.০০০.০১.০০১.২০-৩৬

তারিখঃ ২৫, ফাল্গুন ১৪২৮ / ১০ মার্চ, ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ-

১। মাননীয় সংসদ সদস্য, ৫৮ নাটোর-১ (লালপুর-বাগাতিপাড়া)।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নাটোর।
৪। উপজেলা ----------------------অফিসার, বাগাতিপাড়া, নাটোর।
৫। মেয়র, বাগাতিপাড়া পৌরসভা, বাগাতিপাড়া, নাটোর।
৬। চেয়ারম্যান, পাঁকা/জামনগর/বাগাতিপাড়া/দয়ারামপুর/ফাগুয়াড়দিয়াড় ইউ,পি, বাগাতিপাড়া, নাটোর।
৭। অফিস নথি।

১০/০৩/২২

(প্রিয়াংকা দেবী পাল)
উপজেলা নির্বাহী অফিসার
বাগাতিপাড়া, নাটোর
ফোন-০২৫৮৮৮-৭৫০০১
ই-মেইল- unobagatipara@mopa.gov.bd

## উপজেলা পরিষদের সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট "ক"

**উপজেলা পরিষদের জনপ্রতিনিধিগণঃ**

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ অহিদুল ইসলাম (গকুল), উপজেলা পরিষদ চেয়ারম্যান, বাগাতিপাড়া, নাটোর। | |
| ০২ | জনাব মোসাঃ খোদিজা বেগম শাপলা, উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান, বাগাতিপাড়া, নাটোর | ,, |
| ০৩ | জনাব মোঃ আব্দুল হাদী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৪ | জনাব মোঃ এ এস এম শরিফুল ইসলাম, মেয়র বাগাতিপাড়া পৌরসভা, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৫ | জনাব মোঃ নয়েজ মাহমুদ, চেয়ারম্যান ১ নং পাঁকা ইউ,পি, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৬ | মোঃ গোলাম রব্বানী, চেয়ারম্যান, চেয়ারম্যান ২ নং জামনগর ইউ,পি, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৭ | জনাব মোঃ মজিবুর রহমান, চেয়ারম্যান ৩ নং বাগাতিপাড়া ইউ,পি, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৮ | জনাব মোঃ মাহবুর ইসলাম মিঠু, চেয়ারম্যান, ৪ নং দয়ারামপুর ইউ,পি, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৯ | জনাব মোঃ এস এম লেলিন, চেয়ারম্যান, ৫ নং ফাগুয়াড়দিয়াড় ইউ,পি, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| | | ,, |

**উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ**

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব প্রিয়াংকা দেবী পাল, উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর। | |
| ০২ | জনাব ডাঃ মোঃ আব্দুর রাজ্জাক, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৩ | জনাব মোঃ মোমরেজ আলী, উপজেলা কৃষি অফিসার, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৪ | জনাব মোঃ আজিজুর রহমান, উপজেলা প্রকৌশলী, বাগাতিপাড়া, নাটোর । | ,, |
| ০৫ | জনাব ডাঃ হোসাইন মোহাম্মদ রাকিবুল রহমান, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৬ | জনাব মোঃ বাবুল হোসেন, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৭ | জনাব ডাঃ খাজা ফেরদৌস, উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, বাগাতিপাড়া,নাটোর। | ,, |
| ০৮ | জনাব মোঃ রেজাউল করিম, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৯ | জনাব মোঃ রেজাউল করিম, উপজেলা সমাজ সেবা অফিসার, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১০ | জনাব মোঃ আহাদ আলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১১ | জনাব মোঃ আশরাফুল ইসলাম মন্ডল, উপজেলা শিক্ষা অফিসার. (ভারপ্রাপ্ত)বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১২ | জনাব আব্দুল্লাহ আল মামুন, উপ-সহ কারী প্রকৌশলী, জন-স্বাস্থ্য প্রকৌশল অফিস, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১৩ | জনাব মোঃ সোহেল রানা, উপজেলা যুব উন্নয়ন অফিসার,বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১৪ | জনাব মোঃ নুরুন্নবী সরকার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকতা বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১৫ | জনাব মোছাঃ শিরিন আখতার, উপজেলা মহিলা বিয়ষক কর্মকার্তা, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১৬ | জনাব নির্মল কুমার মন্ডল, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১৭ | জনাব খন্দকার সাজ্জাদ হোসেন, উপজেলা সমবায় অফিসার,বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১৮ | জনাব মোঃ সোহেল রানা, উপজেলা প্রকল্প কর্মকর্তা(বিআরডিবি), বাগাতিপাড়া, নাটোর | ,, |
| ১৯ | জনাব এ্যামিজা আক্তার, উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ২০ | জনাব মোঃ শফিকুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ২১ | জনাব মোঃ মনজুর রহমান, এজিএম, সাবজোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি-১ বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ২২ | জনাব মোছাঃ বুলবুলি খাতুন, উপজেলা আনসার ও ভিডিপি অফিসার(ভারপ্রাপ্ত), বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ২৩ | জনাব মোঃ জাকির হোসেন, উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা,বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ২৪ | জনাব, আলপনা খাতুন, উপজেলা উন্নয়ন সহায়ক (ইউডিএফ), ইউজিডিপি, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| | | ,, |
| | | ,, |

## উপজেলা পরিষদের সভায় অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট "খ"

**উপজেলা পরিষদের জনপ্রতিনিধিগণঃ**

| ক্রমিক নং | নাম ও পদবী |
|---|---|
| ০ | ------ |

---

**উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণঃ**

| ক্রমিক নং | নাম ও পদবী |
|---|---|
| ০১ | জনাব অশিত কুমার পাল, উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার, বাগাতিপাড়া, নাটোর। |
| ০২ | জনাব এ.বি.এম আব্দুল্লাহ, ভারপ্রাপ্ত কর্মকর্তা, এস.এফ.এন.টি.সি, বাগাতিপাড়া, নাটোর। |

---